



চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

৫ জুলাই ২০১৭ খ্রি.

**সাবেক কমিশনার মামুনুর রশিদ মামুন ও কাউন্সিলর মো. মোরশেদ আলমের
মাতার কবর জিয়ারত ও মাননীয় মেয়রের পক্ষে শ্রদ্ধা নিবেদন**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাবেক কমিশনার মামুনুর রশিদ মামুন ও বর্তমান ৮নং ওয়ার্ড কাউন্সিলর মো. মোরশেদ আলমের মাতা মমতাজ বেগম এর নামাজে জানাযা ৫ জুলাই ২০১৭ খ্রি. বুধবার, বাদে আছর নাসিরাবাদ শাহী জামে মসজিদে অনুষ্ঠিত হয়। পরে মরহমাকে মসজিদ সংলগ্ন পারিবারিক কবরস্থানে দাফন করা হয়। দাফন শেষে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আজম নাছির উদ্দীন এর পক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কাউন্সিলর ও প্যানেল মেয়র-১ চৌধুরী হাসান মাহমুদ হাসনী, ৩১নং ওয়ার্ড কাউন্সিলর তারেক সোলায়মান সেলিম, ৩৩ নং ওয়ার্ড কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব, ৩৫নং ওয়ার্ড কাউন্সিলর হাজী নুরুল হক, ৪নং ওয়ার্ড কাউন্সিলর সাইফুদ্দিন খালেদ সাইফু, ৭নং ওয়ার্ড কাউন্সিলর মো. মোবারক আলী, ৬নং ওয়ার্ড কাউন্সিলর এম আশরাফুল আলম, ৮নং ওয়ার্ড কাউন্সিলর মো. মোরশেদ আলম ও ৩৪নং ওয়ার্ড কাউন্সিলর মো. ইসমাইল বালী মরহমার কবর জিয়ারত, ফাতেহা পাঠ এবং পুষ্প অর্পন করে শ্রদ্ধা নিবেদন করেন। এ সময় তারা মরহমার আত্মার মাগফেরাত এবং আল্লাহর দরবারে তার কবরকে বেহেস্তের বাগানে পরিনত করার জন্য ফরিয়াদ জানান।

৫ জুলাই ২০১৭ খ্রি.

**সাবেক কমিশনার মামুনুর রশিদ মামুন ও কাউন্সিলর মো. মোরশেদ আলমের
মাতার মৃত্যুতে চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের শোক**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাবেক কমিশনার মামুনুর রশিদ মামুন ও বর্তমান কাউন্সিলর মো. মোরশেদ আলমের মাতা হাজী মমতাজ বেগম এর মৃত্যুতে চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সভাপতি ও সাবেক মেয়র আলহাজ্ব এ বি এম মহিউদ্দিন চৌধুরী, সাধারণ সম্পাদক ও মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন এবং চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের কার্যনির্বাহী কমিটির সহ সভাপতি, সম্পাদক মন্ডলী এবং সদস্যবৃন্দ গভীর শোক ও দুঃখ প্রকাশ করেন। তারা মরহুমার বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন ও শোক সন্তপ্ত পরিবার পরিজনের প্রতি সমবেদনা জানান।

৫ জুলাই ২০১৭ খ্রি.

**সাবেক কমিশনার মামুনুর রশিদ মামুন ও কাউন্সিলর মো. মোরশেদ আলমের
মাতার মৃত্যুতে মাননীয় মেয়রের শোক**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন সাবেক কমিশনার মামুনুর রশিদ মামুন ও বর্তমান কাউন্সিলর মো. মোরশেদ আলমের মাতা হাজী মমতাজ বেগম এর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেন। তিনি ৫ জুলাই ২০১৭ খ্রি. বুধবার, এক শোক বার্তায় মরহুমার বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন ও শোক সন্তপ্ত পরিবার পরিজনের প্রতি সমবেদনা জানান।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা